

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# সমাজকল্যাণ মন্ত্রণালয়
# সিটিজেন চার্টার

## ভূমিকা

সমাজকল্যাণ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতিগঠনমূলক কর্মকাণ্ডের সাথে নিবিড়ভাবে সম্পৃক্ত একটি জনগুরুত্বপূর্ণ মন্ত্রণালয়। দীর্ঘ পথ অতিক্রম করে এই মন্ত্রণালয় বর্তমান অবস্থায় উপনিত হয়েছে। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর ভারত হতে মহাজেরদের আগমনের ফলে উদ্ভূত সমস্যা সমাধানের লক্ষ্যে ১৯৫৫ সালে Dhaka Urban Development Board গঠন করা হয়। অতপর ১৯৫৬ সালে সমাজকল্যাণ পরিষদ, ১৯৭৪ সালে স্বাস্থ্য ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজকল্যাণ পরিদপ্তর, ১৯৮৪ সালে সমাজকল্যাণ বিভাগ, ১৯৭৯ সালে সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর এবং ১৯৮৯ সালে সমাজকল্যাণ মন্ত্রণালয় একক নামে একটি পৃথক মন্ত্রণালয় হিসাবে আত্মপ্রকাশ করে।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছেন একজন মাননীয় স্পেশাল এসিসট্যান্ট টু চীফ এডভাইজার। এছাড়া একজন সচিব, দুইজন যুগ্ম-সচিব, চারজন উপসচিবসহ প্রথম শ্রেণীর কর্মকর্তা ২০জন, ২য় শ্রেণীর কর্মকর্তা- ১৮ জন, ৩য় শ্রেণীর কর্মচারি ১৫ জন ও ৪র্থ শ্রেণীর কর্মচারি-২১ জনসহ অত্র মন্ত্রণালয়ের মোট জনবল ৭৪ জন। এ মন্ত্রণালয়ের অধীনে রয়েছে (১) সমাজসেবা অধিদপ্তর (২) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ (৩) শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (৪) জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন (স্বায়ত্বশাসিত) এবং তাদের অধীনস্থ দপ্তরসমুহ । এ সব প্রতিষ্ঠানে মোট জনবল ১০,৯৪৬ জন । মন্ত্রণালয়াধীন প্রতিষ্ঠান ও তাদের অধীনস্থ দপ্তরের মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রণালয় তার ইপ্সিত কার্যক্রম পরিচালনা করে থাকে।

## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ভিশন (Vision) ঃ

বাংলাদেশে বসবাসরত প্রতিবন্ধী, এতিম, দুঃস্থ, অস্বচ্ছল এবং অনগ্রসর জনগোষ্ঠির স্বাস্থ্য, শিক্ষা ও আর্থসামাজিক উন্নয়ন ।

## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মিশন (Mission) ঃ

- মানব সম্পদ উন্নয়ন,
- দারিদ্র হ্রাসকরণ,
- সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রবর্তন,
- সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি জোরদারকরণ,
- অনগ্রসর ও সমাজের দুর্বল অংশের কল্যাণ, উন্নয়ন ও ক্ষমতায়ন,
- সামাজিক সমস্যা মোকাবেলাকরণ,
- ব্যক্তির সর্বোচ্চ বিকাশে সহায়তাকরণ,
- বিদ্যমান কর্মসূচিসমূহ তদারকি, মূল্যায়ন,জোরদারকরণ ও সম্প্রসারণ,
- আর্থিক স্বচ্ছতা আনয়ন এবং প্রশাসনিক শৃঙ্খলা জোরদারকরণ,
- কার্যক্রম বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট নির্দেশনা ও নীতিমালা প্রণয়ন,
- সামাজিক সমস্যা চিহ্নিতপূর্বক লক্ষ্যভূক্ত জনগোষ্ঠির জন্য চাহিদা অনুযায়ী নূতন কর্মসূচি গ্রহণ, এবং
- স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের জন্য আর্থিক বরাদ্দ প্রদান।

## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্ব ঃ

- সমাজকল্যাণ সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন,
- সমাজের অনগ্রসর জনগোষ্ঠির জীবন যাত্রার মান উন্নয়ন,
- স্বেচ্ছাসেবী সামাজিক সংগঠনসমূহের নিবন্ধন,
- স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে সহায়তা প্রদান,
- এতিম, দুস্থ, অসহায়, প্রতিবন্ধী শিশুদের লালন পালন,শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসন,
- ভবঘুরে, কিশোর অপরাধী ও সামাজিক অপরাধপ্রবণদের উন্নয়ন, প্রবেশন ও আফটার কেয়ার কার্যক্রম,
- সমাজকল্যাণের ক্ষেত্রে আন্তর্জাতিক সংগঠনসমূহের কার্যক্রম সমন্বয় সাধন।

## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কার্যাবলী ঃ

- সমাজকল্যাণ সম্পর্কিত জাতীয় নীতি নির্ধারণ;
- সমাজে অবহেলিত জনগোষ্ঠির উন্নয়ন সংক্রান্ত বিষয়াদি;
- জাতীয় সমাজকল্যাণমূলক সংস্থাসমূহের রেজিস্ট্রীকরণ এবং নিয়ন্ত্রণ;
- স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহের রেজিষ্ট্রীকরণ এবং নিয়ন্ত্রণ;
- সমাজসেবা অধিদপ্তরের সাথে সম্পৃক্ত যাবতীয় বিষয়াদি;
- স্বেচছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান;
- ভবঘুরে, গরীব ও দুস্থদের কেন্দ্র ও এতিমখানা পরিচালনা ;
- ভিক্ষাবৃত্তি, ভবঘুরে, কিশোর অপরাধ বিষয়ে আরোগ্য উত্তর পরিচর্যা কর্মসূচি;
- প্রতিবন্ধীদের শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসন সম্পর্কিত বিষয়াদি;
- মুক্তিপ্রাপ্ত কারাবন্দীদের প্রবেশন, প্যারোল এবং মুক্তি উত্তর পরিচর্যা কর্মসূচি;
- সমাজকল্যাণ বিষয়ে আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ ও চুক্তি সম্পাদন;
- মন্ত্রণালয়ের আওতাভূক্ত বিষয়সমুহের ব্যাপারে আন্তর্জাতিক সংস্থার সাথে সংযোগ রক্ষা,
- দেশ ও আন্তর্জাতিক সংস্থার সঙ্গে চুক্তি ও সন্ধিপত্র সম্পাদন বিষয়াদি;
- মন্ত্রণালয়ের দায়িত্বাধীন যে কোন বিষয় তদন্ত এবং পরিসংখ্যান সংগ্রহ ও সংরক্ষণ;
- এ মন্ত্রণালয়ের আওতাভূক্ত বিষয়াদি সংক্রান্ত সকল আইন বাস্তবায়ন;
- আদালতে গৃহীত ফিস ব্যতীত এ মন্ত্রণালয়ের দায়িত্বাধীন যে কোন ফিস আদায়।

## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সেবা গ্রহীতাগণ ঃ

- অনগ্রসর,দরিদ্র ও নিম্ন আয়ের জনগোষ্ঠি,
- অস্বচ্ছল,অসহায় প্রবীণ ব্যক্তি,
- অস্বচ্ছল মুক্তিযোদ্ধা,
- পিতৃহীন, পিতৃমাতৃহীন, অবহেলিত, দুস্থ, বিপদাপন্ন ও প্রতিবন্ধী শিশু,
- সামাজিক অপরাধপ্রবণ ব্যক্তি,
- আইনের সংস্পর্শে আসা শিশু,
- অসহায় দুস্থ রোগী,
- প্রতিবন্ধী ব্যক্তি,
- সামাজিক অনাচারে আক্রান্ত শিশু ও মহিলা,
- পেশাজীবী সমাজকর্মী ,
- স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা ও সংগঠন,
- সরকারি/বেসরকারি সহযোগী সংস্থা,
- ভিক্ষুক ও ভবঘুরে ।

## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা




## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কর্মসূচি

| ক্রঃ নং | সেবাসমূহ | স্থান | সেবা গ্রহীতা | সময় সীমা | প্রতিকার বিধানে নিয়োজিত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | মন্ত্রণালয়ের প্রশাসন সংক্রান্ত সকল কার্যাবলী ও কর্মকর্তা/কর্মচারিবৃন্দের বিদেশ সফর/প্রশিক্ষণ এবং অভ্যন্তরীণ বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার ও সভায় অংশগ্রহণ সংক্রান্ত। | শাখা প্রশাসন-১ | মন্ত্রণালয় ও অধীনস্থ/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারিবৃন্দ | ১৫ দিন | উপ-সচিব (প্রশাসন-১) ফোন ঃ ৭১৬২৬৯৩ |
| ২ | মন্ত্রণালয়ের কোটাভূক্ত সরকারি বাসা বরাদ্দ এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাদের আবাসিক টেলিফোন সংযোগ | শাখা প্রশাসন-২ | মন্ত্রণালয় ও অধীনস্থ/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারিবৃন্দ | ১৫ দিন | উপ-সচিব (প্রশাসন-১) ফোন ঃ ৭১৬২৬৯৩ |
| ৩ | বিদ্যুৎ বিল, গ্যাস বিল, ভূমি উন্নয়ন ও পৌরকর, ওয়াসা বিল পরিশোধ | শাখা প্রশাসন-২ | বিদ্যুৎ বিভাগ, খনিজ সম্পদ বিভাগ, ওয়াসা, সিটি করপোরেশন, পৌরসভা, ভূমি অফিস | ১৫ দিন | উপ-সচিব (প্রশাসন-১) ফোন ঃ ৭১৬২৬৯৩ |
| ৪ | সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশাসনিক কার্যাবলী | শাখা প্রশাসন-৩ | সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিবৃন্দ | ১৫ দিন | উপ-সচিব (প্রশাসন-২) ফোন ঃ ৭১৬৯৭২০ |
| ৫ | সমাজসেবা অধিদপ্তরের বিভাগীয় মামলা ও অডিট আপত্তি নিস্পত্তি | শাখা প্রশাসন-৩ | সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিবৃন্দ | ১৫ দিন | উপ-সচিব (প্রশাসন-২) ফোন ঃ ৭১৬২৬৯৩ |
| ৬ | উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ এবং অর্থ অবমুক্তকরণ | পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা-১ | সংশ্লিষ্ট সেচ্ছাসেবী সংগঠন/লক্ষ্যভূক্ত জনগোষ্ঠি | ১ বছর | উপ-প্রধান (পরিকল্পনা) ফোন ঃ ৭১৬৫৫৩৮ |
| ৭ | অক্ষম প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা ও প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের জন্য শিক্ষা উপবৃত্তি কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ ছাড়করণ । | প্রতিবন্ধী শাখা | সুবিধা বঞ্চিত প্রতিবন্ধী ব্যক্তি ও প্রতিবন্ধী ছাত্র/ছাত্রী | চলমান কার্যক্রম | উপ-প্রধান (প্রতিষ্ঠান) ফোন ঃ ৭১৬৬০৩৫ |
| ৮ | ক্যাপিটেশন গ্রান্ট বেসরকারী এতিমখানা | শাখা কর্মসূচী-১ | বেসরকারি এতিমখানা/এতিম শিশু | চলমান কার্যক্রম | উপ-সচিব (কার্যক্রম) ফোনঃ ৭১৬৪৮৫১ |
| ৯ | জাতীয় সমাজকল্যাণ পরিষদের কার্যাবলী (স্বেচ্ছাসেবী সংগঠনকে অনুদান প্রদান, দুস্থদের আর্থিক সাহায্য প্রদান, হাসপাতালের দুস্থ রোগীদের আর্থিক সহায়তা প্রদান) | শাখা কর্মসূচী-২ | সংশ্লিষ্ট সেচ্ছাসেবী সংগঠন/লক্ষ্যভূক্ত জনগোষ্ঠি | চলমান কার্যক্রম (৯০ দিন) | নির্বাহী সচিব/ উপ-সচিব (কার্যক্রম) ফোন ঃ ৯১৪৫৪৩৮ ৭১৬৪৮৫১ |
| ১০ | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট এর কার্যাদি (এতিমখানা পরিচালনা) | শাখা কর্মসূচী-২ | তালিকাভূক্ত এতিম ও দুস্থ শিশু | চলমান কার্যক্রম | নির্বাহী সচিব/ উপ-সচিব (কার্যক্রম) ফোন ঃ ৯০০৩০৭৪ ৭১৬৪৮৫১ |
| ১১ | দেশী/বিদেশী সংস্থায় চাঁদা প্রদান ও চুক্তি সম্পাদন | শাখা কর্মসূচী-২ | দেশী/বিদেশী সংস্থা ও রাষ্ট্রসমূহ | ৩০ দিন | উপ-সচিব (কার্যক্রম) ফোন ঃ ৭১৬৪৮৫ |
| ১২ | বয়স্ক ভাতা- মাসিক জনপ্রতি ২৫০.০০ টাকা | উপজেলা সমাজ সেবা অফিস | ৬৫ বৎসর উর্ধ্বের দুস্থ অস্বচ্ছল পুরুষ ও মহিলা (তালিকাভূক্ত) | ৩ মাস পর পর | (১) সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিস (২) উপ-পরিচালক, জেলা সমাজসেবা অফিস (৩) পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (৪) উপ-সচিব (কার্যক্রম) সমাজকল্যাণ মন্ত্রণালয় ফোনঃ ৭১৬৪৮৫১ |
| ১৩ | অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা জনপ্রতি ২৫০.০০ টাকা | উপজেলা সমাজ সেবা অফিস | অস্বচ্ছল প্রতিবন্ধী জনগোষ্ঠি | ৩ মাস পর পর | ঐ |
| ১৪ | মুক্তিযোদ্ধা ভাতা জনপ্রতি ৯০০.০০ টাকা | উপজেলা সমাজ সেবা অফিস | অস্বচ্ছল মুক্তিযোদ্ধা | ৩ মাস পর পর | ঐ |
| ১৫ | প্রতিবন্ধী ছাত্র/ছাত্রী উপবৃত্তি জনপ্রতি মাসিক প্রাথমিক বিদ্যালয় পর্যায়-৩০০/- উচ্চ বিদ্যালয় পর্যায় - ৪৫০/- মহাবিদ্যালয় পর্যায় -৬০০/- বিশ্ববিদ্যালয় পর্যায়- ১০০০/- | উপজেলা সমাজ সেবা অফিস | অস্বচ্ছল প্রতিবন্ধী ছাত্র/ছাত্রী | ৩ মাস পর পর | ঐ |
| ১৬ | পল্লী সমাজসেবা কার্যক্রম এর আওতায় সুদবিহীন ঋণ প্রদান | উপজেলা সমাজ সেবা অফিস | পল্লী এলাকার দরিদ্র ও দুস্থ জনগোষ্ঠী | চলমান কার্যক্রম (৩ মাস) | ঐ |
| ১৭ | শহর সমাজসেবা কার্যক্রম এর আওতায় সুদবিহীন ঋণ প্রদান | উপজেলা সমাজ সেবা অফিস | শহর এলাকার দরিদ্র ও দুস্থ জনগোষ্ঠী | চলমান কার্যক্রম (৩ মাস) | ঐ |
| ১৮ | এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম | উপজেলা সমাজ সেবা অফিস | এসিডদগ্ধ ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি | চলমান কার্যক্রম (৩ মাস) | ঐ |
| ১৯ | সরকারি শিশুসদন পরিবার কার্যক্রম | সংশ্লিষ্ট শিশু সদন | এতিম শিশু | চলমান কার্যক্রম | উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, উপ-সচিব (কার্যক্রম) ফোন ঃ ৭১৬৪৮৫১ |
| ২০ | ছোট মনি নিবাস | সংশ্লিষ্ট নিবাস | পিতৃ-মাতৃ পরিবারহীন অনাথ শিশু | চলমান কার্যক্রম | ঐ |
| ২১ | দিবাকালীন শিশুযত্ন | সংশ্লিষ্ট শিশুযত্ন কেন্দ্র | কর্মজীবী দুস্থ মাতা ও তাদের ৮ বছর পর্যন্ত শিশু | চলমান কার্যক্রম | ঐ |
| ২২ | ভবঘুরে প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রম | সংশ্লিষ্ট ভবঘুরে কেন্দ্র | ভবঘুরে ব্যক্তিবর্গ | চলমান কার্যক্রম | ঐ |
| ২৩ | সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রম | সংশ্লিষ্ট কেন্দ্র | সামাজিক প্রতিবন্ধী মেয়েরা | চলমান কার্যক্রম | ঐ |
| ২৪ | সমন্বিত অন্ধ শিক্ষা কার্যক্রম | সংশ্লিষ্ট কেন্দ্র | অন্ধ শিশু এবং কিশোরগণ | চলমান কার্যক্রম | ঐ |
| ২৫ | আবাসন কার্যক্রমের আওতায় সাংগঠনিক কাঠামো তৈরি | উপজেলা সমাজ সেবা অফিস | সংশ্লিষ্ট আবাসন কেন্দ্রে বসবাসকারীগণ | চলমান কার্যক্রম | ঐ |
| ২৬ | প্রবেশন কার্যক্রমের আওতায় কারাবন্দীদের শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান | সংশ্লিষ্ট জেলা প্রবেশন অফিস | সংশ্লিষ্ট এলাকার কারাবন্দীগণ | আদালত কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ২৭ | আফটার কেয়ার সার্ভিসেস কার্যক্রমের আওতায় মুক্তিপ্রাপ্ত কয়েদিদের সামাজিক ও অর্থনৈতিকভাবে পুনর্বাসন | সংশ্লিষ্ট জেলা প্রবেশন অফিস | সংশ্লিষ্ট এলাকার কারাবন্দীগণ | আদালত কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ২৮ | দুস্থ শিশুদের পারিবারিক পরিবেশে স্নেহ ভালবাসায় আদর যত্ন ও লালন পালন | দুস্থ শিশুদের প্রশিক্ষণ ও পুর্নবাসন কেন্দ্র * কোনাবাড়ী, গাজীপুর * টঙ্গীপাড়া, গোপালগঞ্জ * রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। | দুস্থ শিশু ও তার পরিবার | চলমান কার্যক্রম | ঐ |
| ২৯ | হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় দুস্থ গরিব রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান | জেলা সদর হাসপাতাল, বিভাগীয় শহরের প্রধান প্রধান হাসপাতাল। | দুস্থ ও গরিব রোগী | চলমান কার্যক্রম | ঐ |
| ৩০ | মানসিক প্রতিবন্ধী শিশুদের শিক্ষা প্রদান | মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান, রৌফাবাদ, চট্টগ্রাম। | সুবিধা বঞ্চিত মানসিক প্রতিবন্ধী শিশু | চলমান কার্যক্রম | ঐ |
| ৩১ | দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ব্রেইল পদ্ধতিতে শিক্ষাদান | দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়, মিরপুর, ঢাকা। গোয়ালখালী, খুলনা। মুরাদপুর, চট্টগ্রাম। ষষ্ঠীতোলা, রাজশাহী। সাগরদী, বরিশাল। | দৃষ্টি প্রতিবন্ধী শিশু | চলমান কার্যক্রম | ঐ |
| ৩২ | শ্রবণ প্রতিবন্ধীদের প্রশিক্ষণ | দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়, মিরপুর, ঢাকা। গোয়ালখালী, খুলনা। মুরাদপুর, চট্টগ্রাম। ষষ্ঠীতোলা, রাজশাহী। সাগরদী, বরিশাল। বড়ুয়হাট, চাঁদপুর। রাজবাড়ী মোড়, ফরিদপুর। | শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিগণ | চলমান কার্যক্রম | ঐ |
| ৩৩ | বয়স্ক দৃষ্টি প্রতিবন্ধীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ | জাতীয় অন্ধ প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, টঙ্গী, গাজীপুর। | বয়স্ক দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তি | চলমান কার্যক্রম | ঐ |
| ৩৪ | দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের বিনা মূল্যে ব্রেইল পুস্তক সরবরাহ | ব্রেইল প্রেস, টঙ্গী গাজীপুর। | দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র/ছাত্রী | চলমান কার্যক্রম | ঐ |
| ৩৫ | স্বল্পমূল্যে প্রতিবন্ধী ব্যক্তিদের কৃত্রিম অঙ্গ সরবরাহ | কৃত্রিম অঙ্গ প্রত্যঙ্গ কেন্দ্র, টঙ্গী, গাজীপুর। | প্রতিবন্ধী ব্যক্তি | চলমান কার্যক্রম | ঐ |

ঠিকানা ঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়, ভবন নং-৬, (৪র্থ ও ৯ম তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোন ঃ ৭১৬০৪৫২, ফ্যাক্স নং- ৮৮০-২-৭১৬৮৯৬৯, ▪ Website-www.msw.gov.bd ▪
E-mail : Secswm@bttb.net.bd

## ঊর্ধ্বতন কর্মকর্তার সাথে যোগাযোগ

সমাজকল্যাণ মত্রণালয়ের আওতায় প্রচলিত সুযোগ-সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে মতামত এবং অভিযোগ নিম্নবর্ণিত ঠিকানায় প্রেরণ/যোগাযোগ করা যেতে পারে ঃ-

**যুগ্ম-সচিব (প্রশাসন)**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ভবন-৬, কক্ষ নং- ৩০৫
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোনঃ ৭১৬৯৬৪৭

**যুগ্ম-সচিব (উন্নয়ন)**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ভবন-৬, কক্ষ নং- ৭১৮
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোনঃ ৯৫৭০০৫৮

**উপ-সচিব (প্রশাসন-১)**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ভবন-৬, কক্ষ নং- ৩০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোনঃ ৭১৬২৬৯৩

**উপ-সচিব (প্রশাসন-২)**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ভবন-৬, কক্ষ নং- ৩১৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোনঃ ৭১৬৯৭২০

**উপ-সচিব (কার্যক্রম)**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ভবন-৬, কক্ষ নং- ৩০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোনঃ ৭১৬৪৮৫১

**উপ-সচিব (প্রতিষ্ঠান)**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ভবন-৬, কক্ষ নং- ৭১৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোনঃ ৭১৬৬০৩৫